অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 11/30/2021 **গভর্নর ক্যাথি হোচুল**

গভর্নর হোচুল ক্লিন পাথ NY এবং চ্যামপ্লেন হাডসন পাওয়ার এক্সপ্রেসের জন্য চূড়ান্ত করা চুক্তিগুলির ঘোষণা করেছেন আপস্টেট নিউ ইয়র্ক এবং কানাডা থেকে নিউ ইয়র্ক সিটি পর্যন্ত পরিষ্কার নবায়নযোগ্য শক্তি সরবরাহের জন্য

গত 50 বছরে নিউ ইয়র্ক স্টেটের সব চেয়ে বড় নবায়নযোগ্য শক্তি এবং ট্রান্সমিশনের প্রকল্পগুলি

গ্রিনহাউস গ্যাস হ্রাস এবং বায়ুর গুণমানের উন্নতি সহ রাজ্যব্যাপী সামগ্রিক সামাজিক সুবিধাগুলিতে 7.4 বিলিয়ন ডলার পর্যন্ত বিতরণ করবে

সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিতে বিনিয়োগ সহ রাজ্য জুড়ে 10,000-টি উচ্চমানের চাকরি এবং 8.2 বিলিয়ন ডলারের অর্থনৈতিক উন্নয়ন তৈরি করবে

রাজ্যের পরিচ্ছন্ন শক্তি এবং অফশোর বায়ু মোতায়েনের সাথে মিলিত হয়ে, প্রকল্পগুলি 2030 সালের মধ্যে বিদ্যুতের জন্য শহরের জীবাশ্ম জ্বালানীর ব্যবহার 80 শতাংশের বেশি হ্রাস করবে বলে আশা করা হচ্ছে

শূন্য-নির্গমনের গ্রিডের লক্ষ্য অর্জনের জন্য 2030 সালের মধ্যে নবায়নযোগ্য উৎসগুলি থেকে রাজ্যব্যাপী 70 শতাংশ বিদ্যুৎ পাওয়ার জন্য নিউ ইয়র্কের লক্ষ্য অর্জন করার উদ্দেশ্যে অগ্রগতি ত্বরান্বিত করে

গভর্নর ক্যাথি হোচুল আজ ঘোষণা করেছেন যে নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি (New York State Energy Research and Development Authority, NYSERDA) তার ক্লিন পাথ NY (CPNY) প্রকল্প এবং HQ এনার্জি সার্ভিসেস (HQ Energy Services, US) ইনকর্পোরেটেডের জন্য ক্লিন পাথ নিউ ইয়র্ক LLC-এর (Clean Path New York LLC) সাথে চুক্তি চূড়ান্ত করেছে (HQUS) তার চ্যাম্পলেইন হাডসন পাওয়ার এক্সপ্রেস (Champlain Hudson Power Express, CHPE) প্রকল্পের জন্য যা আপস্টেট নিউ ইয়র্ক এবং কানাডা থেকে নিউ ইয়র্ক সিটিতে পরিষ্কার, নবায়নযোগ্য সৌর, বায়ু এবং জলবিদ্যুৎ সরবরাহ করবে। রাজ্যের এই প্রথম ধরনের নবায়নযোগ্য শক্তি এবং ট্রান্সমিশন প্রকল্পগুলি রাজ্যব্যাপী সামগ্রিক সামাজিক সুবিধা বাবদ 7.4 বিলিয়ন ডলার পর্যন্ত সরবরাহ করবে বলে আশা করা হচ্ছে, গ্রিনহাউস গ্যাস হ্রাস এবং বায়ু মানের উন্নতি, এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়ের মধ্যে বিনিয়োগ সহ রাজ্য জুড়ে অর্থনৈতিক উন্নয়ন বাবদ 8.2 বিলিয়ন ডলার সহ। গত 50 বছরে নিউ

ইয়র্ক স্টেটের জন্য চুক্তিকৃত বৃহত্তম ট্রান্সমিশনের প্রকল্প হিসাবে এই প্রকল্পগুলি 2030 সালে বিদ্যুতের জন্য শহরের জীবাশ্ম জ্বালানীর ব্যবহার 80 শতাংশের বেশি কমিয়ে দেবে রাজ্যের পরিষ্কার শক্তি এবং অফশোর বায়ু স্থাপনের সাথে একত্রে। আজকের ঘোষণাটি ক্লাইমেট লিডারশিপ অ্যান্ড কমিউনিটি প্রোটেকশন অ্যাক্টে বর্ণিত শূন্য-নির্গমন গ্রিডের লক্ষ্য অর্জনের জন্য 2030 সালের মধ্যে রাজ্যের 70 শতাংশ বিদ্যুৎ নবায়নযোগ্য উৎস থেকে আসার জন্য নিউ ইয়র্ক স্টেটের লক্ষ্যকে অতিক্রম করার উদ্দেশ্যে অগ্রগতিকে ত্বরান্বিত করে। এটি নিউ ইয়র্ক শহরকে তার উচ্চাভিলাষী জলবায়ুর লক্ষ্য অর্জন করতে সহায়তা করবে।

"নিউ ইয়র্কের জন্য ঝুঁকিগুলি কখনো এর চেয়ে বেশি ছিলনা কারণ আমরা জলবায়ু পরিবর্তনের প্রভাব এবং অর্থনৈতিক ও পরিবেশগত বিপর্যয়ের মোকাবিলা করছি যা চরম আবহাওয়ার ঘটনাগুলির ফলে সৃষ্টি হয়," **গভর্নর হোচুল বলেছেন।** "এই ঘোষণাটি শুধু নিউ ইয়র্ক স্টেটের 70 শতাংশ শক্তি নবায়নযোগ্য সংস্থান থেকে পাওয়ার লক্ষ্য অর্জনের জন্য আমাদের গতিকে ত্বরান্বিত করেই তাই নয়, বরং এছাড়াও আমরা বজায় রাখা যায় এমন চাকরি তৈরি করছি, জীবাশ্ম জ্বালানির উপর আমাদের নির্ভরতা হ্রাস করছি এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য পরিষ্কার বাতাসের এবং একটি স্বাস্থ্যকর ভবিষ্যতের জন্য পথ প্রশস্ত করছি। আমি গর্বিত যে নিউ ইয়র্ক উদ্ভাবনী সবুজ শক্তির উদ্যোগ নিয়ে দেশকে নেতৃত্ব দিয়ে চলেছে এবং জলবায়ু পরিবর্তনের জন্য কি করতে হবে তার একটি বিশ্বব্যাপী উদাহরণ স্থাপন করেছে।"

আজকের ঘোষণাটি নিউ ইয়র্ক শহরের এই নিশ্চিতকরণের দ্বারা আরো বলিষ্ঠ হয়েছে যে সে এই মাইলফলকস্বরুপ পুরষ্কারগুলিতে যোগদান করবে, যা এই প্রকল্পগুলির স্কেলকে সম্ভব করতে সাহায্য করবে এবং সেই সাথে এই প্রকল্পগুলির ব্যয়ের প্রভাব আনুমানিক 1 বিলিয়ন ডলার কমানোর সুযোগ তৈরি করবে। NYSERDA স্বেচ্ছামূলক ক্রয়ের জন্য এই প্রকল্পগুলি থেকে নবায়নযোগ্য বৈশিষ্ট্যও প্রদান করবে যা অবশেষে নিউ ইয়র্ক সিটির বহু সংস্থাকে যারা পরিচ্ছন্ন শক্তিতে বদল করতে আগ্রহী, কিন্তু যারা ব্যবহারিক সীমাবদ্ধতার কারণে অন-সাইটে এটি করতে অক্ষম হয়েছেন, তাদের একশ শতাংশ আত্মবিশ্বাসের সাথে নবায়নযোগ্য শক্তির উদ্দেশ্যে এগিয়ে যেতে সক্ষম করবে।

জানুয়ারিতে, নিউ ইয়র্ক স্টেট পাবলিক সার্ভিস কমিশনের (New York State Public Service Commission,PSC) অক্টোবর 2020 এর অর্ডার এর নির্দেশ অনুসারে, NYSERDA একটি নবায়নযোগ্য শক্তির সলিসিটেশন জারি করেছে যা টায়ার 4 নামে পরিচিত যেটি এমন প্রকল্পগুলি খুঁজছে যা সাশ্রয়ীভাবে এবং দায়িত্বের সাথে নিউ ইয়র্ক শিটিকে নবায়নযোগ্য শক্তি সরবরাহ করতে পারে, যা এই রাজ্যের এমন একটি ক্ষেত্র যা প্রাচীন জীবাশ্ম জ্বালানী-চালিত উৎপাদনের উপর নির্ভর করে। PSC দ্বারা অনুমোদিত হলে, নির্বাচিত প্রকল্পগুলি প্রতি বছর 18 মিলিয়ন মেগাওয়াট-ঘন্টার পরিচ্ছন্ন শক্তি সরবরাহ করবে বা নিউ ইয়র্ক সিটির বার্ষিক বিদ্যুৎ খরচের এক তৃতীয়াংশেরও বেশি শক্তির খরচ প্রদান করবে বলে আশা করা হচ্ছে আপস্টেট নিউ ইয়র্ক এবং কুইবেক থেকে প্রাপ্ত উপকূলীয় বায়ু, সৌর, এবং জলবিদ্যুৎ শক্তি সহ বৈচিত্র্যময় এবং স্থিতিস্থাপক পরিচ্ছন্ন উৎপাদন পোর্টফোলিও থেকে। নিউ ইয়র্ক সিটির সাথে সরাসরি সংযোগকারী অফশোর বায়ুর প্রোজেক্টের বিদ্যমান চুক্তিবদ্ধ পোর্টফোলিওর সাথে এই প্রকল্পগুলিকে একত্রিত করা শহরের শক্তির ইতিহাসে পরিবর্তন নিয়ে আসে যা বায়ুর গুণমানকে উল্লেখযোগ্যভাবে উন্নত করার সাথে স্থিতিস্থাপকতা এবং নির্ভরযোগ্যতা বৃদ্ধি করে।

মেয়র বিল ডি. ব্লাসিও বলেছেন, "যদি দেশের বৃহত্তম শহর বিদ্যুতের জন্য পরিচ্ছন্ন শক্তির উপর নির্ভর করতে পারে তাহলে যে কোনও জায়গাই তা করতে পারে। নিউ ইয়র্ক প্রমাণ করছে যে জল, বায়ু এবং সৌর শক্তিতে বিনিয়োগ করে বৈশ্বিক উষ্ণায়নের মোকাবিলা করা এবং জলবায়ু সংক্রান্ত ন্যায়বিচারের জন্য লড়াই করা সম্ভব। এভাবেই আমরা জীবাশ্ম জ্বালানি কমিয়ে ফেলি, হাজার হাজার ইউনিয়নের চাকরি তৈরি করি এবং সকল নিউ ইয়র্কবাসীর জন্য একটি বজায় রাখা সম্ভব এমন ভবিষ্যত গড়ে তুলি। এটি আমাদের শহর এবং রাজ্যের জন্য একটি ঐতিহাসিক দিন।"

এই চুক্তিগুলি অনুমোদনের জন্য PSC-কে জমা দেওয়া হয়েছে, এবং একটি সর্বজনীন মন্তব্যের সময়সীমার আওতাভুক্ত যা 7 ফেব্রুয়ারি, 2022 পর্যন্ত চলবে। পিটিশন এবং চুক্তিগুলি ডিপার্টমেন্ট অফ পাবলিক সার্ভিসের ওয়েবসাইট এ কেস নম্বর 15-E-0302 এর অধীনে উপলব্ধ, যেখানে মন্তব্য জমা দেওয়া যেতে পারে। যদি চুক্তিগুলি অনুমোদিত হয়, NYSERDA অর্থপ্রদানগুলি শুধু প্রতিটি সংশ্লিষ্ট প্রকল্পের জন্য শুরু হবে যখন প্রকল্পটি সমস্ত প্রয়োজনীয় অনুমতি এবং অনুমোদনগুলি প্রাপ্ত হবে, নির্মাণ সম্পন্ন করবে, এবং নিউ ইয়র্ক শিটিকে শক্তি সরবরাহ করলে যা সম্পূর্ণভাবে অনুমোদিত হওয়া চ্যাম্পলেন হাডসন পাওয়ার এক্সপ্রেস (Champlain Hudson Power Express, CHPE) প্রকল্পের জন্য 2025 সালে এবং ক্লিন পাথ নিউ ইয়র্ক (Clean Path New York, CPNY) প্রকল্পের জন্য 2027 সালে শুরু হবে বলে আশা করা হচ্ছে।

NYSERDA প্রেসিডেন্ট এবং CEO ডোরিন এম. হ্যারিস, "প্রতিটি ব্যবস্থার মাধ্যমে, নিউ ইয়র্ক সিটিতে নবায়নযোগ্য শক্তিকে দায়িত্বপূর্ণভাবে সরবরাহ করার জন্য রাজ্যের যুগান্তকারি সংগ্রহ একটি দুর্দান্ত সাফল্য ছিল এবং আজ চুক্তির চূড়ান্তকরণ সকল নিউ ইয়র্কবাসীদের জন্য একটি আরও ভারসাম্যপূর্ণ, নির্ভরযোগ্য এবং স্থিতিস্থাপক শক্তির ব্যবস্থা তৈরি করতে একটি বড় পদক্ষেপকে চিহ্নিত করে। এই বিশাল সবুজ শক্তির পরিকাঠামোর প্রকল্পগুলি, যা লক্ষ লক্ষ বাড়িতে শক্তি সরবরাহের জন্য পর্যাপ্ত পরিচ্ছন্ন বিদ্যুত উৎপন্ন করবে, তা আমাদের সব চেয়ে ঐতিহাসিকভাবে দুর্বল সম্প্রদায়গুলিতে দূষণ হ্রাস এবং বায়ুর গুণমান উন্নত করার সাথে সাথে রাজ্যব্যাপী প্রচুর অর্থনৈতিক সুবিধা এবং হাজার হাজার নতুন চাকরি প্রদান করবে।"

হাইড্রো-ক্যুবেকের (Hydro-Québec) প্রেসিডেন্ট এবং CEO সোফি ব্রোচু এবং ট্রান্সমিশন ডেভেলপারস ইনকর্পোরেটেডের (Transmission Developers Inc.) CEO ডন জেসোম বলেন, "2025 সালে নিউ ইয়র্ক শহরে পরিষ্কার, নির্ভরযোগ্য শক্তি আনার জন্য নিউ ইয়র্কের সাহসী পরিকল্পনার অংশ হতে পেরে আমরা সম্মানিত - যা ক্ষতিকারক কার্বন নির্গমন হ্রাস করে এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিতে বায়ুর গুণমান উন্নত করার সাথে একটি সবুজতর ভবিষ্যতের দিকে নিউ ইয়র্কের রূপান্তরকে ত্বরান্বিত করে৷ আমরা প্রকল্পটির বহু পরিবেশগত এবং অর্থনৈতিক সুবিধা সম্পর্কে PSC প্রক্রিয়ার মাধ্যমে নিউ ইয়র্কের সম্প্রদায়গুলির সাথে জড়িত হওয়ার জন্য উন্মুখ।"

Clean Path NY-এর নেতারা, ইনভেনার্জি (Invenergy)-এর মাইকেল পোলস্কি, এনার্জিআরই(EnergyRe)-এর জেফ ব্লাউ এবং নিউ ইয়র্ক পাওয়ার অথরিটির (New

York Power Authority) জাস্টিন ই. ড্রিসকল বলেছেন, "ক্লিন পাথ NY গভর্নর হোচুল এবং NYSERDA-এর সাথে এই ইতিহাস সৃষ্টিকারী নবায়নযোগ্য শক্তির পরিকাঠামো প্রকল্পকে এগিয়ে নিয়ে যেতে, যা নিউ ইয়র্কের বৈদ্যুতিক গ্রিডকে মৌলিকভাবে রূপান্তরিত করবে এবং রাজ্য জুড়ে নিউ ইয়র্কবাসীদের জীবন উন্নত করবে, তাতে যোগ দিতে পেরে গর্বিত। একটি সম্পূর্ণ নবায়নযোগ্য, সম্পূর্ণ নিউ ইয়র্ক পদ্ধতির নতুন, ইন-স্টেট ট্রান্সমিশন এবং জেনারেশনের সাথে আমরা গর্বিত যে আমরা পরিষ্কার শক্তিতে একটি ন্যায্য রূপান্তর করতে পেরেছি যা জলবায়ু সংকটের বিরুদ্ধে লড়াই করবে, পরিবেশগত ন্যায়বিচারকে অগ্রাধিকার দেবে এবং নিউ ইয়র্কে হাজার হাজার পরিবেশ অনুকূল চাকরি তৈরি করবে।"

এই যুগান্তকারী চুক্তিগুলির একটি উপাদান হিসাবে হাইড্রো-ক্যুবেক কুইবেকের ইনু সম্প্রদায়গুলির দ্বারা তৈরি পরিকল্পিত অ্যাপুইয়াট উইন্ড ফার্ম থেকে বিদ্যুৎ কিনবে সেই সাথে কুইবেকে লাইনটির যৌথ মালিকানার জন্য কাহনাওয়া:কে-এর মোহাক কাউন্সিলের সাথে একটি অংশীদারিত্বে প্রবেশ করবে যা চ্যাম্পলেন হাডসন পাওয়ার এক্সপ্রেসের সাথে সংযুক্ত হবে।

কাহনাওয়া:কের মোহাক কাউন্সিলের গ্র্যান্ড চিফ, কাহসেনেনহাওয়ে স্কাই-ডিয়ার বলেছেন, "কাহনাওয়া:কে সীমান্তের কানাডার দিকের ট্রান্সমিশন লাইনের যৌথ মালিক হওয়ার জন্য সম্মানিত যা শেষ পর্যন্ত নিউ ইয়র্ক শহরে সবুজ নবায়নযোগ্যযোগ্য শক্তি সরবরাহ করবে। বিগত শতাব্দীতে, আমাদের নির্ভীক মোহাক লৌহনকর্মীরা নিউ ইয়র্ক শহরের স্কাইলাইন এবং পার্শ্ববর্তী পরিকাঠামো নির্মাণে অবিচ্ছেদ্য ভূমিকা পালন করেছে। এবং হাইড্রো-কিউবেকের সাথে আমাদের অংশীদারিত্বের মাধ্যমে আমাদের এখন সুযোগ হয়েছে নিউ ইয়র্কের ঐতিহাসিক ল্যান্ডমার্কগুলিকে আলোকিত করার এবং নিউ ইয়র্ক শহরের সাথে আমাদের মোহকদের যে বন্ধনগুলি আছে সেগুলিকে পুনর্নবীকরণ করার জন্য যে শক্তি ব্যবহৃত হবে তা সরবরাহ করার জন্য।"

NYSERDA-এর সফল ক্রয়ের ফলে সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলির স্বার্থ, অর্থনৈতিক সুবিধা এবং কর্মশক্তির উন্নয়ন সহ নিউ ইয়র্কের জন্য সর্বোচ্চ এবং সর্বোত্তম মূল্য নিয়ে আসে এমন প্রকল্পগুলিকে পুরস্কৃত করা হয়েছে। এই প্রকল্পগুলির মূল সুবিধাগুলির মধ্যে রয়েছে:

- **নিউ ইয়র্কের পরিবারগুলোকে রক্ষা করা:** প্রকল্পগুলি ক্ষতিকারক দূষণকারীর সংস্পর্শে আসা হ্রাসের ফলে জনস্বাস্থ্যের জন্য 4 বিলিয়ন ডলার পর্যন্ত সুবিধা প্রদান করবে - যার মধ্যে অকাল মৃত্যু এড়ানো, হাঁপানি-সম্পর্কিত হাসপাতালে যাওয়া হ্রাস এবং অসুস্থতার কারণে কাজের দিন নষ্ট হওয়া অন্তর্ভুক্ত।

- **বিশাল অর্থনৈতিক পরিচালক এবং কর্মসংস্থান সৃষ্টিকর্তা:** প্রকল্পগুলি রাজ্যব্যাপী প্রায় 10,000 পরিবার-বজায় রাখার কর্মসংস্থান তৈরি করবে যেখানে 8.2 বিলিয়ন ডলারের অর্থনৈতিক উন্নয়ন সংক্রান্ত বিনিয়োগ হবে, যা কোভিড-19 থেকে রাজ্যের অর্থনৈতিক পুনরুদ্ধারকে ত্বরান্বিত করতে সহায়তা করবে। প্রকল্পের বিকাশকারীরা নিউ ইয়র্কবাসীদের জন্য মানসম্পন্ন, ভালো বেতনের চাকরি নিশ্চিত করতে প্রচলিত মজুরি এবং প্রকল্প শ্রম চুক্তিতেও প্রতিশ্রুতিবদ্ধ।

- **সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিতে বিকাশকারী-প্রতিশ্রুতিকৃত বিনিয়োগ:** দুটি প্রকল্প সবুজ শক্তির চাকরির পথ তৈরি করতে, জনস্বাস্থ্যকে সহায়তা করতে, মূলধন উন্নতির প্রকল্পগুলিকে এগিয়ে নিতে, বাসস্থান পুনরুদ্ধার করতে এবং সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিতে ভবনগুলির পরিবেশগত পদচিহ্ন উন্নত করতে কমিউনিটি বেনিফিট ফান্ডে সম্মিলিত 460 মিলিয়ন ডলার বিনিয়োগ করতে প্রতিশ্রুতিবদ্ধ।

- **পরিবেশগত সুরক্ষা:** সম্মিলিতভাবে, প্রকল্পগুলি পরবর্তী 15 বছরে 77 মিলিয়ন মেট্রিক টন গ্রীনহাউস গ্যাস নির্গমন হ্রাস করবে বলে আশা করা হয়, যা এই সময়ের মধ্যে রাস্তা থেকে এক মিলিয়ন গাড়ি সরিয়ে নেওয়ার সমতুল্য।

- **সাশ্রয়ী:** টায়ার 4 প্রোগ্রামটি নবায়নযোগ্য শক্তি এবং নতুন ট্রান্সমিশন উভয়ই সংগ্রহ করে। এটি একটি সূচক REC কাঠামোর সাথে স্থাপন করা হয়েছে যাতে গ্রাহকদের বিদ্যুতের দাম বৃদ্ধির বিরুদ্ধে সুরক্ষিত করে যাতে বিদ্যুতের দাম বাড়লে টায়ার 4 প্রোগ্রামের খরচ কমে যায়। উভয় প্রকল্পের জন্য প্রতি মেগাওয়াট ঘন্টায় 28.29 এর প্রত্যাশিত গড় টায়ার 4 REC খরচ সহ, একবার প্রকল্পগুলি চালু হলে, গ্রাহকদের জন্য গড় বিলের প্রভাব হবে আনুমানিক 2 শতাংশ, বা প্রতি মাসে ঠিক 2 ডলারের বেশি। সম্ভাব্য অতিরিক্ত সুবিধার পরিধিকে স্পষ্ট করার জন্য PSC কার্যক্রমের অংশ হিসাবে প্রকল্পের পৃষ্ঠপোষকদের থেকে বিশ্লেষণ প্রকাশিত এবং জমা দেওয়া হতে পারে।

তাছাড়াও, এই সব নতুন আন্ডারগ্রাউন্ড ট্রান্সমিশন লাইনগুলি সংবেদনশীল প্রজাতি এবং বাসস্থানের উপর প্রভাব সহ পরিবেশগত ক্ষয়ক্ষতি এড়াবে, হ্রাস করবে এবং প্রশমিত করবে এবং চরম আবহাওয়ায় স্থিতিস্থাপক হবে। দুটি প্রকল্পকেই PSC ধারা VII অনুমতি প্রদানের প্রক্রিয়া এর মাধ্যমে যেতে হবে, যার মধ্যে প্রকল্পের প্রয়োজনীয়তা এবং নিউ ইয়র্ক স্টেটে প্রধান ট্রান্সমিশন সুবিধাগুলির সাইটিং, ডিজাইন, নির্মাণ এবং পরিচালনার যে কোনও পরিবেশগত প্রভাবের সম্পূর্ণ পর্যালোচনা অন্তর্ভুক্ত রয়েছে। CHPE তার আর্টিকেল VII পারমিট পেয়েছে, এবং CPNY শীঘ্রই তার পারমিটের জন্য আবেদন করতে চায়।

অনুমোদিত হলে, নিউ ইয়র্কের বড় আকারের নবায়নযোগ্য শক্তির শক্তিশালী পাইপলাইন, যা প্রায় 100-টি সৌর, ভূমি-ভিত্তিক বায়ু এবং অফশোর বায়ু প্রকল্প নিয়ে গঠিত, সম্পূর্ণ হলে গ্রিডে প্রায় 11,000 মেগাওয়াট পরিষ্কার বিদ্যুৎ যোগ করবে - যা নিউ ইয়র্কের পাঁচ মিলিয়নের বেশি বাড়ির বিদ্যুৎ সরবরাহ করার জন্য যথেষ্ট। নতুন সবুজ শক্তি সঞ্চালন গড়ে তোলার জন্য রাষ্ট্রের অঙ্গীকার, যার নেতৃত্বে আছে 250 মাইল নতুন বড় আপগ্রেড যা ইতিমধ্যে রাজ্য জুড়ে চলছে, এই পুরস্কার দ্বারা বলবৎ হয়ে, তা নবায়নযোগ্য শক্তিগুলির বর্তমান পাইপলাইনটি একবার চালু হওয়ার পরে নবায়নযোগ্য উৎস থেকে নিউ ইয়র্কের বিদ্যুতের 60 শতাংশেরও বেশি বিদ্যুৎ সরবরাহ করতে দেবে।

NYSERDA স্থানীয় সরকারগুলিকে তাদের সম্প্রদায়ের মধ্যে দায়িত্বশীল পরিষ্কার শক্তির বিকাশ কিভাবে পরিচালনা করতে হয় তা বুঝতে সাহায্য করার জন্য সংস্থান এবং বিনা খরচে প্রযুক্তিগত সহায়তা প্রদান করে, যার মধ্যে আছে ধাপে-ধাপে নির্দেশাবলী এবং পরিষ্কার শক্তির বাস্তবায়নের

নির্দেশনা দেওয়ার সরঞ্জাম, যার অন্তর্ভুক্ত পারমিট পাওয়ার প্রক্রিয়া, সম্পত্তি কর, সাইটিং, জোনিং এবং আরও অনেক কিছু।

সিনেটর এবং শক্তির সভাপতি কেভিন পার্কার বলেছেন, "শক্তি ও টেলিযোগাযোগ সংক্রান্ত সেনেট কমিটির (Senate Committee on Energy and Telecommunications) চেয়ারম্যান হিসেবে, আমরা আমাদের রাজ্যের শক্তি লক্ষ্য পূরণ করতে পারি তা নিশ্চিত করার উদ্দেশ্যে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার জন্য আমি NYSERDA এর প্রশংসা করি। এই উদ্যোগটি একটি বার্তা পাঠায় যে আমাদের পরিচ্ছন্ন শক্তির মান বাস্তব এবং অর্জনযোগ্য।"

সিনেট পরিবেশ সংরক্ষণ কমিটি (Senate Environmental Conservation Committee)-র সভাপতি সিনেটর টড কামিনস্কি বলেন, "জলবায়ু পরিবর্তন আমাদের রাজ্য এবং সার্বিকভাবে আমাদের গ্রহের জন্য এক গুরুতর ঝুঁকি তৈরি করে। জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষা আইন শূন্য-নির্গমন সহ একটি ভবিষ্যত বৈদ্যুতিক গ্রিডের কল্পনা করে কিন্তু তা বাস্তবে পরিণত করতে আমাদের সেই লক্ষ্যের দিকে সক্রিয়ভাবে কাজ করতে হবে। রাজ্যের পরিচ্ছন্ন শক্তির লক্ষ্য অর্জনকে অগ্রাধিকার দেওয়ার জন্য এই পদক্ষেপগুলি নেওয়ার জন্য আমি গভর্নর হোচুল এবং NYSERDA-এর ডোরেন হ্যারিসকে সাধুবাদ জানাই।"

অ্যালায়েন্স ফর ক্লিন এনার্জি নিউ ইয়র্কের নির্বাহী পরিচালক অ্যান রেনল্ডস বলেছেন, "এই পিটিশনের মাধ্যমে, নিউ ইয়র্ক তার উচ্চাকাঙ্খী পরিচ্ছন্ন শক্তির স্ট্যান্ডার্ড বাস্তবায়নে আরেকটি পদক্ষেপ নিচ্ছে, এইবার নিউ ইয়র্ক সিটিতে পরিষ্কার, পুনর্নবীকরণযোগ্য বিদ্যুত স্থানান্তরের দিকে মনোনিবেশ করে। এটি একটি বিশেষত দুর্দান্ত খবর হয় যখন একটি নতুন ট্রান্সমিশন প্রকল্প আপস্টেট নিউইয়র্কে নতুন বায়ু এবং সৌর প্রকল্পের নির্মাণকে সমর্থন করে। এটি এখন চাকরির ক্ষেত্রে একটি বিনিয়োগ এবং ভবিষ্যতের জন্য একটি শক্তিশালী গ্রিড।"

জুলি টিঘ, নিউ ইয়র্ক লিগ অফ কনজারভেশন ভোটারসের (New York League of Conservation Voters) সভাপতি বলেছেন, "2030 সালের মধ্যে রাজ্যের 70% পুনর্নবীকরণযোগ্য শক্তির লক্ষ্যমাত্রা অর্জনের জন্য নিউ ইয়র্ককে দ্রুত কাজ করতে হবে এবং NYSERDA এবং বিকাশকারীদের মধ্যে টায়ার 4 চুক্তি স্বাক্ষরের আজকের ঘোষণা আমাদের ট্র্যাকে রাখার জন্য একটি বড় পদক্ষেপ। নিউ ইয়র্ক স্টেট লিগ অফ কনজারভেশন ভোটারস নিউ ইয়র্ক স্টেটে পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যৎ এগিয়ে নিতে এবং সম্প্রদায়গুলিকে রক্ষা করার পাশাপাশি রাজ্য জুড়ে বায়ুর গুণমান উন্নত করার সাথে সাথে অতীতের জীবাশ্ম জ্বালানী পরিকাঠামোর উপর নিউ ইয়র্ক সিটির নির্ভরতা কমাতে টায়ার 4-এর মতো বড় উদ্যোগগুলিকে সমর্থন করে।"

স্টুয়ার্ট এফ. গ্রাসকিন, দ্য নেচার কনজারভেন্সির নিউ ইয়র্কের প্রধান সংরক্ষণ ও বহিরাগত বিষয়ক কর্মকর্তা বলেছেন, "নিউ ইয়র্ক স্টেট এনার্জি রিসার্চ অ্যান্ড ডেভেলপমেন্ট অথরিটি আজকে পরিচ্ছন্ন শক্তির স্ট্যান্ডার্ডের নতুন টায়ার 4-এর অধীনে নির্বাচিত প্রকল্পগুলিতে অগ্রসর হওয়ার জন্য পাবলিক সার্ভিস কমিশনের কাছে তার পিটিশন দাখিল করার জন্য নেওয়া পদক্ষেপগুলিকে সাধুবাদ জানায় নেচার কঞ্জারভেন্সি। এই পিটিশনটি নিউ ইয়র্ক স্টেটের পরিচ্ছন্ন শক্তি অর্থনীতি গড়ে তোলার মাধ্যমে, হাজার হাজার ভালো

কর্মসংস্থান সৃষ্টি করে এবং আমাদের গুরুত্বপূর্ণ প্রাকৃতিক সম্পদ রক্ষা করার সাথে নিউ ইয়র্ক সিটির পরিষ্কার, নির্ভরযোগ্য শক্তি নিশ্চিত করার মাধ্যমে তার জলবায়ু এবং পরিচ্ছন্ন শক্তির লক্ষ্য পূরণের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।"

কলম্বিয়া ইউনিভার্সিটির জলবায়ু ও স্থায়িত্ব বিষয়ক বিশেষ উপদেষ্টা, ড্যানিয়েল জারিলি বলেছেন, "কার্বন দূষণে গভীর হ্রাস অর্জন করতে এবং জলবায়ু পরিবর্তনের সব চেয়ে বিপর্যয়কর প্রভাবগুলি এড়াতে এটি একটি গুরুত্বপূর্ণ দশক। নিউ ইয়র্ক সিটিতে পরিচ্ছন্ন শক্তির ট্রান্সমিশন সুরক্ষিত করার জন্য NYSERDA-এর আজকের পদক্ষেপ আমাদের সকলকে, যারা বিদ্যুতায়নের মাধ্যমে নেট শূন্য অর্জনে প্রতিশ্রুতিবদ্ধ তাদের সমর্থন করার জন্য একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আমরা এই লক্ষ্য অর্জনে কলাম্বিয়া বিশ্ববিদ্যালয়ের ভূমিকা অন্বেষণ করার উদ্দেশ্যে NYSERDA-এর সাথে কাজ করার জন্য উন্মুখ, যা প্যারিস চুক্তির লক্ষ্যগুলির সাথে বিশ্ববিদ্যালয়টিকে সারিবদ্ধ করতে, আমাদের আশেপাশের সম্প্রদায়গুলিতে বায়ু পরিষ্কার করতে এবং জীবাশ্ম জ্বালানির প্রতি বিশ্বের আসক্তি শেষ করতে আমাদের কাজকে সমর্থন করে যা হল জলবায়ুর নেতাদের পরবর্তী প্রজন্মকে ক্ষমতায়ন করার জন্য আমাদের অঙ্গীকারের সমস্ত অংশ।"

নিউ ইয়র্কের ইন্টারন্যাশনাল ব্রাদারহুড অফ ইলেকট্রিকাল ওয়ার্কার্স (International Brotherhood of Electrical Workers , IBEW)-এর আন্তর্জাতিক ভাইস প্রেসিডেন্ট মাইকেল ডি. ওয়েলশ বলেছেন, "নিউ ইয়র্কের ইন্টারন্যাশনাল ব্রাদারহুড অফ ইলেক্ট্রিকাল ওয়ার্কার্স তাদের টিয়ার 4 দ্বারা পুরস্কারপ্রাপ্ত প্রকল্পগুলি, চ্যামপ্লেন হাডসন পাওয়ার এক্সপ্রেস এবং ক্লিন পাথ NY-এর পর্যালোচনা, সর্বজনীন মন্তব্য, এবং অনুমোদনের জন্য পাবলিক সার্ভিস কমিশনের (Public Service Commission, NY PSC) কাছে জমা দেওয়ার ক্ষেত্রে NYSERDA-এর প্রচেষ্টাকে সমর্থন করতে পেরে আনন্দিত৷ এই গুরুত্বপূর্ণ প্রকল্পগুলি আগামী 15 বছরে 77 মিলিয়ন মেট্রিক টন গ্রিন হাউস গ্যাস (GHG's) কমিয়ে জলবায়ু নেতৃত্ব এবং সম্প্রদায় সুরক্ষার আইনের লক্ষ্য অর্জনের দিকে যথেষ্ট অগ্রগতি প্রদান করবে। অতিরিক্তভাবে, এই প্রকল্পগুলি 10,000-টিরও বেশি পরিবার বজায় রাখার কাজ চাকরি করবে বলে আশা করা হচ্ছে যার মধ্যে বেশির ভাগ IBEW সহ নিউ ইয়র্ক ইউনিয়ন নির্মাণের ব্যবসার সাথে হবে৷ এই স্থানীয় নিউ ইয়র্কের চাকরিগুলি প্রকল্পের পথগুলি ধরে এবং নতুন প্রজন্মের প্রকল্পগুলির ক্ষেত্রে স্থানীয় সম্প্রদায়গুলিতে কোটি কোটি ডলার প্রদান করবে৷ পুরস্কৃত প্রকল্পগুলি সম্প্রদায়ের সুবিধার তহবিলে 400 মিলিয়ন ডলারের বেশি প্রদান করার অঙ্গীকার করেছে যা মধ্যবিত্ত চাকরিতে হাজার হাজার কর্মীদের একটি পথ প্রদান করবে। আমরা প্রতিটি পদক্ষেপে এই গুরুত্বপূর্ণ উদ্যোগকে সমর্থন করার জন্য উন্মুখ।"

নিউ ইয়র্ক স্টেট বিল্ডিং অ্যান্ড কনস্ট্রাকশন ট্রেডস কাউন্সিলের (New York State Building and Construction Trades Council) প্রেসিডেন্ট গ্যারি লাবারবেরা বলেছেন, "নিউ ইয়র্কের পরিচ্ছন্ন শক্তির ভবিষ্যৎ গড়ার পথে এটি আরেকটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ যা নিশ্চিত করে যে এই প্রক্রিয়ায় সুবিধা সহ ভাল, মধ্যবিত্ত কেরিয়ার তৈরি করা হয়। ভাল বেতনের, মধ্যবিত্ত শ্রেণীর চাকরিগুলি সব সময় নিউ ইয়র্ক কীভাবে তার শক্তি সরবরাহ করে এবং তৈরি করে তার সাথে হাতে হাত মিলিয়ে চলে এবং আমরা গভর্নর হোচুল এবং NYSERDA কে তাদের

কার্যকর নেতৃত্ব এবং এই উচ্চাকাঙ্ক্ষী প্রকল্পগুলি এগিয়ে যাওয়ার সময় রাজ্যের শ্রমজীবী পুরুষ ও মহিলাদের প্রতি তাদের অবিরত প্রতিশ্রুতির জন্য প্রশংসা করি।"

নিউ ইয়র্ক স্টেট লেবারার্স অর্গানাইজিং ফান্ডের পরিচালক জন হাচিংস বলেছেন, "আমাদের সদস্যরা বর্তমানে এমন প্রকল্পে কাজ করছে যা নিউ ইয়র্ক স্টেট জুড়ে হাজার হাজার মেগাওয়াটের পরিচ্ছন্ন, নবায়নযোগ্য শক্তির প্রতিনিধিত্ব করে। পরবর্তী পদক্ষেপ হল এটি নিশ্চিত করা যে রাজ্য জুড়ে লোড-পকেটে যেন শক্তি পরিবহন এবং ব্যবহার করা যায়। চ্যাম্পলেন হাডসন পাওয়ার এক্সপ্রেস (Champlain Hudson Power Express, CHPE) এবং ক্লিন পাথ NY-এর মতো প্রকল্পগুলি তা সম্পন্ন করতে সাহায্য করবে এবং তার সাথে হাজার হাজার নির্মাণ সংক্রান্ত চাকরি তৈরি করবে যা শ্রমিকদের একটি প্রচলিত মজুরি প্রদান করে। আমরা আশাবাদী যে পাবলিক সার্ভিস কমিশন দ্রুততার সাথে NYSERDA-এর পিটিশন অনুমোদন করবে।"

REBNY-এর চেয়ারম্যান ডগলাস ডার্স্ট এবং প্রেসিডেন্ট জেমস হুয়েলান বলেছেন, "জলবায়ু সংকটের মোকাবেলায় এমন পদ্ধতির প্রয়োজন যা সাহসী, চিন্তাশীল এবং সহযোগিতামূলক। নিউ ইয়র্ক সিটিতে সফলভাবে কার্বনের নির্গমন কমানো নবায়নযোগ্য শক্তির উৎপাদন এবং ট্রান্সমিশন আক্রমণাত্মক স্থাপনা ছাড়া সম্ভব হবে না। জলবায়ু পরিবর্তনের বিরুদ্ধে লড়াইয়ে নিউ ইয়র্ককে একটি সাহসী, চিন্তাশীল এবং সহযোগিতামূলক পন্থা গ্রহণ করার দ্বারা জাতীয় নেতা করার জন্য ,যা রাজ্যকে নির্গমন হ্রাস করতে প্রকৃত ফলাফল প্রদান করতে সহায়তা করবে, তার জন্য গভর্নর হোচুল এবং NYSERDA কে আমরা সাধুবাদ জানাই।"

নিউ ইয়র্ক স্টেটের দেশের নেতৃত্বকারী জলবায়ু পরিকল্পনা
নিউ ইয়র্ক স্টেটের জাতির নেতৃত্বকারী জলবায়ুর কর্মসূচী হল জাতির সব চেয়ে বেশি আক্রমণাত্মক জলবায়ু ও পরিচ্ছন্ন শক্তির উদ্যোগ, যা সুশৃঙ্খল ও ন্যায্যভাবে পরিচ্ছন্ন শক্তিতে উত্তরণের আহ্বান করে যা চাকরি তৈরি করে এবং নিউ ইয়র্ক স্টেট কোভিড-19 মহামারী থেকে উদ্ধারলাভের সাথে সাথে একটি সবুজ অর্থনীতিকে প্রতিপালন করা অব্যাহত রাখে। জলবায়ু নেতৃত্ব এবং জনসমাজের সুরক্ষা আইন (Climate Leadership and Community Protection Act) এর মাধ্যমে আইনের অন্তর্ভুক্ত করার পরে, নিউ ইয়র্ক 2040 এর মধ্যে শূন্য-নির্গমন বিদ্যুৎশক্তির ক্ষেত্রে তার বাধ্যতামূলক লক্ষ্য অর্জনের পথে এগিয়ে চলেছে, যার মধ্যে অন্তর্ভুক্ত আছে 2030 এর মধ্যে 70 শতাংশ পুনর্নবায়নযোগ্য শক্তি উৎপাদন এবং অর্থনীতি ব্যাপী কার্বন নিরপেক্ষতা অর্জন করা। স্টেট জুড়ে 102-টি বিশাল মাত্রার পুনর্নবায়নযোগ্য প্রকল্পে 33 বিলিয়ন ডলারের বেশি, ভবনের নির্গমন হ্রাস করার জন্য 6.8 বিলিয়ন ডলার, সৌরশক্তি উৎপাদনের মাত্রা বাড়ানোর জন্য 1.8 বিলিয়ন ডলার, স্বচ্ছ পরিবহনের উদ্যোগগুলির জন্য 1 বিলিয়ন ডলারের বেশি এবং NY গ্রীন ব্যাংকের প্রতি অঙ্গীকারে 1.6 বিলিয়ন ডলারের বেশি সহ, পরিচ্ছন্ন শক্তির উৎপাদনের মাত্রা বাড়ানোর জন্য নিউ ইয়র্কের অভূতপূর্ব বিনিয়োগের ওপরে ভিত্তি করে এটি গড়ে তোলে। এই বিনিয়োগগুলি সম্মিলিতভাবে 2020 সালে নিউ ইয়র্কে পরিচ্ছন্ন শক্তির ক্ষেত্রে প্রায় 158,000 চাকরি সমর্থন করে, 2011 সাল থেকে বণ্টিত সৌরশক্তির ক্ষেত্রে 2,100 শতাংশ বৃদ্ধি এবং 2035 এর মধ্যে অফশোর 9,000 মেগাওয়াট বায়ুশক্তি উৎপাদন করার প্রতি অঙ্গীকারে সহায়তা করছে। জলবায়ু আইনের অধীনে, নিউ ইয়র্কে এই অগ্রগতির উপর

ভিত্তি করে নির্মাণ করবে এবং 2050 সালের মধ্যে গ্রিনহাউস গ্যাস নির্গমনকে 1990 এর স্তর থেকে 85 শতাংশ কমাবে, এবং নিশ্চিত করবে যে পরিচ্ছন্ন শক্তির বিনিয়োগের 40 শতাংশ বেনিফিটের অন্তত 35 শতাংশ সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিকে দেওয়া হবে, এবং চূড়ান্ত ব্যবহারকারীর শক্তির খরচ সাশ্রয় করার মাধ্যমে অন-সাইট শক্তি খরচ 185 ট্রিলিয়ন BTU কমানো, যাতে 2025 সালের শক্তির দক্ষতার লক্ষের উদ্দেশ্যে অগ্রসর হওয়া যায়।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন